

চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়
জেলা-চুয়াডাঙ্গা।

স্মারক নং-চুয়াঃপৌঃ/ হাঃবাঃই/৭-৭/২০২২/১৩৩

তারিখঃ-০২/০২/২০২২ খ্রিঃ।

বাংলা ১৪২৯ সনের জন্য চুয়াডাঙ্গা পৌরসভার হাট বাজার ইজারা বিজ্ঞপ্তি।

বিজ্ঞপ্তি নং- ০৩/২০২১-২০২২।

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, চুয়াডাঙ্গা পৌরসভার নিম্ন বর্ণিত হাটবাজার সমূহ আগামী বাংলা ১৪২৯ সনের ১লা বৈশাখ হইতে ৩০শে চৈত্র পর্যন্ত ১ (এক) বৎসর মেয়াদে ইজারা বন্দোবস্ত দেওয়ার নিমিত্তে নিম্ন বর্ণিত তারিখ নির্ধারন পূর্বক প্রকৃত দরদাতাগণের নিকট হইতে পৌরসভার নির্ধারিত ফরমে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাইতেছে। দরপত্র সিডিউল দরপত্র দাখিলের পূর্বদিন অফিস চলাকালীন সময় পর্যন্ত ১। চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়, ২। চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয়, ৩। চুয়াডাঙ্গা উপজেলা সদর নির্বাহী অফিসারের কার্যালয়, ৪। চুয়াডাঙ্গা সদর সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, চুয়াডাঙ্গা সদর থানা, ৬। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, চুয়াডাঙ্গা শাখা, চুয়াডাঙ্গা হইতে নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) ক্রয় করা যাইবে। দরপত্র দাখিলের নির্ধারিত তারিখে বেলা- ১-০০ ঘটিকা পর্যন্ত ১। চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়, ২। চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয়, ৩। চুয়াডাঙ্গা পুলিশ সুপারের কার্যালয়, ৪। চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ৫। চুয়াডাঙ্গা সদর সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, চুয়াডাঙ্গা এর অফিস কক্ষে রক্ষিত দরপত্র বাঞ্ছা দরপত্র দাখিল করা যাইবে এবং ঐদিনই বেলা-৩.০০ ঘটিকায় দরপত্র দাতাগণের (যদি কেহ উপস্থিত থাকেন) সম্মুখে নিম্ন স্বাক্ষরকারীর অফিসে দরপত্র বাঞ্ছা খোলা হইবে। কাজিত সরকারি মূল্য অপেক্ষা দাখিলকৃত দর কম হইলে উক্ত দরপত্র গৃহীত হইবে না এবং দাখিলকৃত জামানত ফেরৎ দেওয়া হইবে। ১ম বার দরপত্র দাখিলে উপর্যুক্ত দর পাওয়া না যায় তাহা হইলে অত্র বিজ্ঞপ্তির ২য় বার নির্ধারিত তারিখ কার্যকর হইবে। ২য় বার দরপত্র দাখিলে উপর্যুক্ত দর পাওয়া না যায় তাহা হইলে ৩য় বার নির্ধারিত তারিখ কার্যকর হইবে। প্রতি বারেই দরপত্র সিডিউল ক্রয় করিতে হইবে। এ বিষয়ে কর্তৃপক্ষের যে কোন সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে। বিস্তারিত তথ্য অফিস চলাকালীন সময়ে অত্র পৌরসভা কার্যালয় হইতে সংগ্রহ করা যাইবে।

দরপত্র দাখিলের তারিখ সমূহ নিম্নরূপ :

ক্রঃ নং	হাটবাজারের নাম	দরপত্র দাখিলের তারিখ (১ম বার)	দরপত্র দাখিলের তারিখ (২য় বার)	দরপত্র দাখিলের তারিখ (৩য় বার)	কাম্ফিত মূল্য বিগত ৩ (তিন) সনের গড়মূল্য ৬% বৃদ্ধি সহ	সিডিউলের মূল্য
১.	চুয়াডাঙ্গা বড় বাজার হাট সাইকেল ষ্ট্যান্ড সহ (সরকার কর্তৃক হস্তান্তরিত)	২৩/০২/২০২২	১০/০৩/২০২২	২৮/০৩/২০২২	১৯,৭৯,২৬৪/-	৪,৬০০/-
২.	চুয়াডাঙ্গা রেল বাজার হাট	২৩/০২/২০২২	১০/০৩/২০২২	২৮/০৩/২০২২	১,৩৮,১৫৪/-	১,০০০/-
৩.	চুয়াডাঙ্গা কেদারগঞ্জ বাজার	২৩/০২/২০২২	১০/০৩/২০২২	২৮/০৩/২০২২	৩১,০২৩/-	৫০০/-
৪.	চুয়াডাঙ্গা পৌর সলির হাট	২৩/০২/২০২২	১০/০৩/২০২২	২৮/০৩/২০২২	-	৫০০/-
৫.	চুয়াডাঙ্গা পৌর বাঁশের হাট	২৩/০২/২০২২	১০/০৩/২০২২	২৮/০৩/২০২২	১,০০,৭৫৬/-	১০০০/-
৬.	চুয়াডাঙ্গা আশুঃ জেলা বাস টার্মিনাল	২৩/০২/২০২২	১০/০৩/২০২২	২৮/০৩/২০২২	৮,১০,৯০০/-	২,৪০০/-

(জাহাঙ্গীর আলম মালিক)

মেয়র

চুয়াডাঙ্গা পৌরসভা।

০২/০২/২০২২